**SET-4**

**Series BVM**

**Code No. 5**

Candidates must write the Code on the title page of the answer-book.

Roll No. | | | | | | | |

- পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে **11** ছাপা পৃষ্ঠা রয়েছে ।
- প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে । উত্তরপত্রের মুখ্য পাতার ছাত্রছাত্রীরা কোড নংটি লিখবে ।
- পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে **16** টি প্রশ্ন আছে ।
- **উত্তর শুরু করার আগে ক্রমিক নং (Serial Number) লিখতে হবে ।**
- প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে । 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে । 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে । এই সময়ে কোন উত্তর লেখা চলবে না ।
- Please check that this question paper contains **11** printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **16** questions.
- **Please write down the Serial Number of the question before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

# বাংলা

# BENGALI

*সময় : 3 ঘন্টা* — *সর্বমোট অঙ্ক : 85*

*Time allowed : 3 hours* — *Maximum Marks : 85*

## SECTION A (Reading)

**1.** নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : *1+1+1+1+1=5*

এবারের এশিয়ান চ্যামপিয়ানশিপে মেরি কম-এর স্বর্ণ-পদক বিজয় ভারতের পক্ষে একটি অত্যন্ত উৎসাহজনক ঘটনা সন্দেহ নেই । এই পদকটি জেতার জন্যে মেরিকে কী পরিমাণ পরিশ্রম যে করতে হয়েছে তা নূতন করে বলার অপেক্ষা রাখে না । পদক জেতার পর একজন সাংবাদিককে মেরি বলেন যে দু'বছর আগে একদিন নয়াদিল্লীর বিমানবন্দর থেকে বেরোবার সময় একজন যাত্রী মেরি কমকে দেখিয়ে নাকি নিজের সঙ্গীকে বলেছিলেন যে "ওই দেখো মেরি কম । কিন্তু ওর কেরিয়ার শেষ ।" এই কথাটি বলে মেরি কম সদ্যপাওয়া সোনার পদকটি গলায় ঝুলিয়ে বলেন, "ধন্যবাদ দিই সেই ব্যক্তিকে যিনি আমার সম্পর্কে এই মন্তব্য করেছিলেন । কথাটা শুনে প্রথমে আমি খুবই ভেঙে পড়েছিলাম । তারপর ভাবলাম সত্যিই তো, আজ আমি আর চ্যাম্পিয়ন নই । আমার দেশবাসীকে তো আমি নিরাশ করেছি । এই অবস্থাটা গত দু'বছর ধরে আমাকে নিরন্তর তাড়া করে বেড়িয়েছে । তাই আমি সব শক্তি দিয়ে আমার যোগ্যতা বাড়াবার চেষ্টা করলাম । সকাল, বিকাল, দৌড়, স্কিপিং আর অন্য অনুশীলন করতে লাগলাম । আজ আমি ঐ ব্যক্তিকে ধন্যবাদ জানাই । উনি আমাকে আমার রিং-এ ফেরার তাগিদ বাড়িয়ে দিয়েছিলেন ।"

(a) মেরি কম কোন পদক জয় করেছেন ?

(b) তাঁর এই বিজয় ভারতের পক্ষে কী রকম ঘটনা ?

(c) বিমানবন্দরে একজন যাত্রী মেরি কম সম্পর্কে কী বলেছিলেন ?

(d) ঐ উক্তিটি শুনে প্রথমে মেরির কী প্রতিক্রিয়া হয়েছিল ?

(e) 'বিজয়' শব্দটির বিপরীতার্থক শব্দ কী হবে ?

**2.** নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : *1+1+1+1+1=5*

পাবলো পিকাসো বলে জগদ্বিখ্যাত আধুনিক শিল্পীর নাম সকলেই জানেন । 1952 সাল নাগাদ কলকাতায় একটা আন্তর্জাতিক ছবির প্রদর্শনী হয়, তাতে তাঁর আঁকা একটি ছবি ছিল, রেখা দিয়ে নিজের ছোট মেয়ের ছবি । সে

ছবির কথা এখন বলতে বসিনি । বলব তাঁর একটি বিশেষ উক্তি সম্বন্ধে । পিকাসো বলেন, গত দু'তিনশ' বছর ধরে আমরা ছবি বলতে বুঝি এক টুকরো চট বা কাঠের পাটা, ক্যানভাস বা কাগজ, তার যে কোন একটিতে কিছু রঙ এবং তার চারধার ঘিরে একটা ফ্রেম যা আশেপাশের সব জিনিস থেকে রঙীন বস্তুটিকে আলাদা করে রাখবে । ছবির এই সংজ্ঞা বদলাতে হবে । তা না হলে আমরা ভবিষ্যতের নানা দিকে এগোতে পারব না, অতীত থেকেও কিছু শিখতে পারব না ।

কথাটা শুনলে মনে হয় এ আর নতুন কথা কী । কিন্তু দু'শো বছর আগে-ও শিল্পসমালোচকরা মিশরের কবরচিত্রকে বা গ্রীক 'ভাস'কে অথবা মাটির পাত্রের গায়ে আঁকা অপূর্ব ছবিকে ছবি বলে মানতে নারাজ ছিলেন । তাঁরা বলতেন এগুলি চারুশিল্প নয়, কারুশিল্প মাত্র ।

আমরাও উনিশশতকের পন্ডিতদের মানব না । যেখানেই মানুষ রেখা, রঙ, তুলি বা কলম দিয়ে ছবি এঁকেছে সেইখানেই আমাদের ছবির উৎস, ছবির মালমশলা খুঁজে যেতে হবে । চিত্রকলা তুলোর বাক্সয় সযত্নে তুলে রাখবার জিনিস নয় । চিত্রকলা আমাদের নিত্যনৈমিত্তিক অবশ্য ব্যবহারের জিনিস, মোটেও শৌখিন কিছু নয়, ছবি না হলে আমাদের দিন-ও চলে না ।

(a) 1952 সালে কলকাতায় কী হয় ?

(b) ছবি সম্পর্কে পাবলো পিকাসোর মন্তব্য একটি বাক্যে লেখ ।

(c) ছবির সংজ্ঞা না বদলালে কী হবে ?

(d) ছবির উৎস কোথায়-কোথায় খুঁজে যেতে হবে ?

(e) 'নারাজ' শব্দটির বিপরীতার্থক শব্দ কী হবে ?

## SECTION B (Grammar)

**3.** ধ্বনিবিজ্ঞানের নিম্নলিখিত সূত্রগুলির মধ্যে যে কোন ***একটির*** দু'টি-উদাহরণসহ সংজ্ঞা লেখ : *(2+3)×1=5*

(a) স্বরসঙ্গতি

(b) অপিনিহিতি

(c) অভিশ্রুতি

**4.** যে কোন ***একটি*** অলঙ্কারের উদাহরণসহ সংজ্ঞা লেখ : *3+2=5*

(a) শ্লেষ

(b) যমক

(c) উপমা

**অথবা**

অলঙ্কার নির্ণয় করো এবং সংজ্ঞা লেখ (***একটি***) :

(a) ভারত ভারত খ্যাত আপনার নামে

(b) বুদ্ধের করুণ আঁখি দু'টি । সন্ধ্যাতারা সম রহে ফুটি ।

(c) থাকে শুধু অন্ধকার মুখোমুখি বসিবার বনলতা সেন ।

**5.** যে কোনো ***চারটি*** বাগধারা/প্রবাদের অর্থ লিখে একটি করে বাক্যরচনা কর : *2×4=8*

আঙুল ফুলে কলাগাছ, ওজন বুঝে চলা, ছেলের হাতের মোয়া, ডুমুরের ফুল, মাটির মানুষ, মামা বাড়ির আবদার, বুকের পাটা, একাই একশো

## SECTION C (Composition & Writing)

**6.** নীচে সংবাদপত্রের একটি প্রতিবেদন তুলে দেওয়া হ'ল । এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও । *2+2+2=6*

মনে হয় আজকাল পৃথিবীর খুব কম দেশেই শিশুশ্রমিক রয়েছে । কিন্তু ভারতবর্ষে এখনো যথেষ্ট পরিমানে শিশুশ্রমিক দেখা যায় । যাদের এই বয়সে খেলাধূলা করে, স্কুলে পড়ে বড় হবার কথা তারা সেগুলি না করে অত্যন্ত অমানবিক পরিস্থিতির মধ্যে বাধ্য হয়ে কাজ করছে — এটা খুব নিন্দনীয় । কিন্তু কীভাবে এই শিশুশ্রম প্রথা বিলোপ করা যায় ? এই প্রথার বিরুদ্ধে সরকারী আইন রয়েছে, কিন্তু যাঁরা শিশুশ্রমিক দিয়ে কাজ করায় তারা কী শাস্তি পায় ? দারিদ্র্য এবং অশিক্ষার কারণে অনেক শিশু, ধনীর কারখানা, বাড়ি বা দোকানে কাজ করতে বাধ্য হয় । অনেক শিশু নিজের বাড়ির অসহনীয় পরিবেশ থেকে বাঁচবার জন্য পালিয়ে শহরে এসে শ্রমিকে পরিণত হয় । কিন্তু শুধু আইন করে একটি অমানবিক প্রথা বন্ধ করা যাবে না । তাই অন্যভাবে চেষ্টা করতে হবে । আমাদের সমাজে দরদী লোকের অভাব নেই । যদি আমরা তাঁদের উদ্যোগে এমন একটি সমাজ

গড়ে তুলতে পারি যেখানে শিশুশ্রমিক বিলোপ করার জন্য একটি শক্তিশালী জনমত গড়ে তোলা সম্ভব হবে, ব্যক্তিগত স্তরে আমরা নিজের মধ্যে জোরালোভাবে অনুভব করবো যে এই প্রথাটি আমাদের সমাজ থেকে উপড়ে ফেলতে হবে তাহলেই মনে হয় ভারতবর্ষে আর শিশুশ্রমিক থাকবে না, প্রথাটি বিলুপ্ত হবে ।

(a) উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও ।

(b) দু'টি বাক্যে বিষয়টির উপর আলোকপাত কর ।

(c) কেন কিছু শিশু শ্রমদান করতে বাধ্য হয় ?

**7.** তুমি ভবিষ্যতে কী হতে চাও তা জানিয়ে বাবাকে একটি চিঠি লেখ । *3+3=6*

**অথবা**

নানা ধর্মের দেশ ভারতবর্ষে বহু প্রাচীন কাল থেকে লোকেরা শান্তিপূর্ণভাবে বসবাস করছে। এ বিষয়ে তোমার মত জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখ ।

## SECTION D (Literature)

**8.** "ভাবছি, আমি বেঁচে থাকতে যে লোকটা না খেয়ে মরে গেল, এ অপরাধের প্রায়শ্চিত্ত কি" ?

(a) উদ্ধৃত অংশটি কার লেখা, কোন গল্পের অংশ ?

(b) কে এটি বলেছেন ?

(c) তাঁর এই উক্তির কারণ কী ? *1+1+3=5*

**অথবা**

"দাঁতগুলো বের করে সে কামটের মতোই হিংস্র ভঙ্গি করে"

(a) উদ্ধৃত অংশটি কার লেখা, কোন গল্পের অংশ ?

(b) কে কার প্রতি এরূপ হিংস্র আচরণ করেছিল ?

(c) তার এই রকম আচরণের কারণ কী ?

**9.** সঠিক উত্তরটি নির্বাচন করো । (MCQ) যে কোনে ***পাঁচটি*** । *1×5=5*

(a) মৃত্যুঞ্জয় প্রথম অনাহারে মৃত্যু দেখল :

(i) বাজার যাবার পথে

(ii) অফিস যাবার পথে

(iii) কলেজ যাবার পথে

(b) বৃষ্টির সঙ্গে বাতাস জোরালো হলে বলে :

(i) ফাঁপি

(ii) ডাওর

(iii) পৌষে বাদলা

(c) উচ্ছবকে মারতে মারতে ওরা থানায় নিয়ে গিয়েছিল, কারণ :

(i) সে চুরি করেছিল

(ii) সে অশৌচ বাড়িতে ভাত খোয়ছিল

(iii) সে চুক্তি অনুযায়ী কাজ করেনি

(d) বাসিনী উচ্ছবকে লুকিয়ে কি খেতে দিয়েছিল ?

(i) মুড়ি

(ii) ভাত

(iii) ছাতু

(e) "নদীতে ফেলে দিয়ে এসো ! ঠিক গতি হয়ে যাবে – যা হবার" — বলেছিলেন

(i) ভট্টচাজ মশাই

(ii) চৌকিদার

(iii) ন'কড়ি নাপিত

(f) পউষে বাদলা সম্পর্কে কার 'বচন' আছে ?

(i) ভটচাজ মশায়ের

(ii) ফজলু শেখের

(iii) ডাকপুরুষের

(g) মৃত্যুঞ্জয়ের কার্যকলাপ সমর্থনযোগ্য নয় কারণ সে :

(i) আবেগসর্বস্ব, নিজের পরিবারের কথা ভাবে না

(ii) পরোপকারী, অন্যকে দান ধ্যান করে

(iii) আপনভোলা, কাজকর্ম করে না

(h) উচ্ছব নাইয়া । পিং হরিচরণ নাইয়া । এখানে 'পিং' মানে :

(i) পিতামহ

(ii) পিতা

(iii) থানা

**10.** সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ : *5*

গাছের সবুজটুকু শরীরে দরকার
আরোগ্যের দিনে ঐ সবুজের ভীষণ দরকার

**অথবা**

কেন তবে লেখা, কেন গান গাওয়া
কেন তবে আঁকাআঁকি

**11.** "রক্তের অক্ষরে দেখিলাম
আপনার রূপ ... "

(a) কার লেখা, কোন কবিতার অংশ ?

(b) 'রক্তের অক্ষর' মানে কী ?

(c) 'রক্তের অক্ষরে' কবি কী দেখলেন ? *1+1+3=5*

**অথবা**

"তাই বলি, গাছ তুলে আনো
বাগানে বসাও আমি দেখি"

(a) কার লেখা, কোন কবিতার অংশ ?

(b) 'বাগানে বসাও' মানে কী ?

(c) কবি কেন গাছ দেখতে চাইছেন ?

**12.** তুমি থিয়েটারওয়ালা — একটা নকল নবীশ – একটা অস্পৃশ্য ভাঁড় ।

(a) কে কখন কথাটি বলেছেন ?

(b) কেন বলেছেন ? *2+3=5*

**অথবা**

"... তখন কী নামডাকই ছিল আমার । কী খাতির ! কী প্রতিপত্তি !"

(a) কে কখন বলেছেন ?

(b) কোন প্রসঙ্গে বলেছেন ?

**13.** সঠিক উত্তরটি নির্বাচন কর । (MCQ) যে কোনে ***পাঁচটি*** । *1×5=5*

(a) "... মহম্মদের ক্যাচটা দাও তো, মহম্মদের ক্যাচ" – এখানে 'ক্যাচ' মানে

(i) ক্রিকেটের মাঠে বল লুফে নেওয়া,

(ii) অভিনেতার সঠিক সংলাপ বলবার জায়গা,

(iii) কাঁচি দিয়ে কাটা ।

(b) অভিনেতা রজনীকান্তের প্রেমিকা তাঁকে বলেছিল,

(i) থিয়েটার ছেড়ে দিতে

(ii) আরো মন দিয়ে অভিনয় করতে

(iii) পালিয়ে গিয়ে বিয়ে করতে

(c) অভিনয়ে আসার আগে রজনীকান্ত চট্টোপাধ্যায় কোন পেশায় ছিলেন ?

(i) পুলিশ

(ii) শিক্ষক

(iii) লেখক

(d) কালীনাথ ছিলেন একজন :

(i) চৌকিদার

(ii) প্রম্পটার

(iii) অভিনেতা

(e) 'নানা রং এর দিন' নাটকটির মধ্যে 'রিচার্ড দা থার্ড নাটকের উদ্ধৃতি ।

A horse ! A horse ! My kingdom for a horse !

উদ্ধৃতিটি ঐ নাটকে কে করেছেন ?

(i) কালীনাথ

(ii) নাটকের নির্দেশক

(iii) রজনীকান্ত

(f) রজনীকান্ত চট্টোপাধ্যায়ের মতে অভিনেতা আসলে কী ?

(i) অস্পৃশ্য ভাঁড়

(ii) বোকা

(iii) বুদ্ধিমান

(g) রজনীকান্ত চট্টোপাধ্যায় শেষ জীবনে ব্যর্থতাবোধে ভুগছেন কারণ –

(i) তাঁর সব টাকা ফুরিয়ে গেছে

(ii) অভিনয় জগতে একদিন তাঁর অনেক খ্যাতি-প্রতিপত্তি ছিল, কিন্তু এখন নেই

(iii) তিনি অসুস্থ।

(h) ঔরঙ্গজেব ও মহম্মদের চরিত্রদুটি কোন নাটকে আছে ?

(i) রিজিয়া

(ii) আলমগীর

(iii) সাজাহন

**14.** "জয়োৎসবের ভোজ বানাত কারা ?"

(a) কার লেখা ? কোন কবিতার অন্তর্গত ?

(b) উদ্ধৃত অংশটির অর্থ কী ? *2+3=5*

**অথবা**

"কে বানিয়েছিল সাত দরজাঅলা থিব্স ? বইয়ে লেখে রাজার নাম
রাজারা কি পাথর ঘাড়ে করে আনত ?"

(a) কার লেখা ? কোন কবিতার অন্তর্গত ?

(b) কবির এই উক্তিটির অর্থ বুঝিয়ে লেখ ।

**15.** "তাই প্রজারা বিদ্রোহী হয়ে উঠল ?"

(a) জমিদারের কোন আইনে প্রজারা বিদ্রোহী হয়ে উঠল ?

(b) কেন ? *1+4=5*

**অথবা**

(a) নানকার প্রথা কী ?

(b) নানকার প্রজাদের সঙ্গে জমিদাররা কেমন ব্যবহার করত ?

**16.** সঠিক উত্তরটি বেছে ঠিক কর । (MCQ) যে কোনে ***পাঁচটি*** । *1×5=5*

(a) 'চেংমান' ছিল

(i) একজন বিদেশী লোক

(ii) একজন গারো চাষী

(iii) একজন মহাজন

(b) 'কম্বলধোলাই' মানে

(i) কম্বল ধোবার একটি পদ্ধতি

(ii) কয়েদীদের জন্য এক প্রকার শাস্তি

(iii) কয়েদীরা অসুস্থ হলে যে কম্বলে শোয়ানো হয়

(c) 'খেরোয় বাঁধানো খাতা' মানে

(i) লাল সালু কাপড়ে বাঁধানো বড় খাতা যাতে হিসাব লেখা হয়

(ii) পিচবোর্ড দিয়ে বানানো খাতা

(iii) এর কোনোটাই নয়

(d) "কলের কলকাতা" শব্দ গুচ্ছে 'কল' বলতে বোঝায়

(i) জল পড়া কল

(ii) যন্ত্রপাতি

(iii) বিজলি বাতির 'সুইচ'

(e) “বন্দেমাতরম” গানটি লিখেছেন :

(i) রবীন্দ্রনাথ

(ii) নজরুল ইসলাম

(iii) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

(f) ‘হাজং’ কথার মানে কী ?

(i) পাখি

(ii) সিংহ

(iii) পোকা

(g) ‘ডালু’ বলতে সাধারণত বোঝায় :

(i) একরকম শিকারী

(ii) গারো পাহাড়ের একটি উপজাতি

(iii) যারা ডালে বাস করে

(h) শীতকালে শুধু পায়ের পাতা ডোবে কোন্ নদীতে ?

(i) তিস্তা

(ii) ঝিলম

(iii) পদ্মা